গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর
৪১ সেগুনবাগিচা, ঢাকা-১০০০
www.dnc.gov.bd

মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের "পাবলিক সার্ভিস ইনোভেশন (*Scan the QR code, Be aware of drugs* বা QR কোড স্ক্যান করুন, মাদক সম্পর্কে সচেতন হোন)" সভার কার্যবিবরণী:

| | | |
|---|---|---|
| সভাপতি | : | মো: আবদুল ওয়াদুদ<br>পরিচালক (প্রশাসন, অর্থ ও পরিকল্পনা), মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর |
| সভার তারিখ ও সময় | : | ২৪ মার্চ, ২০২৪, সকাল ১০.৩০ মিনিট |
| সভার স্থান | : | অধিদপ্তরের সম্মেলন কক্ষ (লেভেল-২) |
| সভায় উপস্থিত সদস্যবৃন্দ | : | পরিশিষ্ট ''ক'' দ্রষ্টব্য |

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে কমিটির সদস্য সচিব ও সহকারী পরিচালক (প্রশাসন) জানান, সুরক্ষা সেবা বিভাগের অতিরিক্ত সচিব মহোদয়ের সভাপতিত্বে গত ১৭/১১/২০২৪ তারিখ সুরক্ষা সেবা বিভাগের আওতাধীন অধিদপ্তরসমূহের সমন্বয়ে 'পাবলিক সার্ভিস ইনোভেশন' সংক্রান্ত সভা অনুষ্ঠিত হয়। সভায় মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর কর্তৃক প্রেরিত ৪টি ধারণার মধ্যে *"Scan the QR code, Be aware of drugs"* বা "QR কোড স্ক্যান করুন, মাদক সম্পর্কে সচেতন হোন" ধারণাটি বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়।

২। ইনোভেশন আইডিয়া প্রেরণকারী উপপরিচালক, খুলনা জানান QR কোড স্ক্যান করে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের কার্যাদি; মাদকের শারীরিক ক্ষতি, মাদকের আর্থিক ক্ষতি, মাদকের পারিবারিক ক্ষতি, মাদকাসক্তির লক্ষণ ও অবৈধ মাদক ব্যবসায়ীদের তথ্য প্রদানের জন্য যোগাযোগ করার লিংক পাওয়া যাবে। কতজন ব্যক্তি QR কোডটি স্ক্যান করে তথ্য গ্রহণ করেছে তার পরিসংখ্যান দৈনিক, সাপ্তাহিক, মাসিক বা নিজের সুবিধামত সময় পাওয়া যাবে। ইতোমধ্যে উপপরিচালক, খুলনা কর্তৃক QR কোডটি প্রস্তুত সম্পন্ন করা হয়েছে যার মেয়াদ ০৬/০৩/২০২৬ তারিখ পর্যন্ত বলবৎ থাকবে। এটি ওপেন সোর্স হতে তৈরি করা হয়েছে, ফলে এতে অধিদপ্তরের সকল কার্যক্রম অন্তর্ভূক্ত করা যাবে।

৩। অদ্যকার সভায় মহাপরিচালক মহোদয়ের উপস্থিতিতে উপপরিচালক, খুলনা কর্তৃক পাবলিক সার্ভিস ইনোভেশন QR কোড এর পাওয়ার পয়েন্ট প্রেজেন্টেশন প্রদান করা হয়। প্রেজেন্টেশনের পর মহাপরিচালক মহোদয় উপস্থিত সকলকে এ বিষয়ে মতামত/পরামর্শ/সংযোজন-বিয়োজন আছে কিনা-উপস্থাপনের জন্য অনুরোধ জানান। সভায় উপস্থিত সদস্যগণ নিম্নবর্ণিতভাবে আলোচনা করেন:

- জনাব মোস্তাক আহমেদ, সহকারী পরিচালক (নিরোধ শিক্ষা) বলেন, এটি একটি ওয়েব এ্যাপ। এতে বিভিন্ন কন্টেন্ট সংযোজনের জন্য পেশাদার কোন ওয়েবসাইট নির্মাতা প্রতিষ্ঠানের মাধ্যমে ডেভেলপের জন্য কাজ করা যেতে পারে।
- জনাব মো: আবু জাফর, সহকারী পরিচালক (অপারেশন্স) বলেন, QR কোডটি অফলাইন এ্যাপস্ আকারে তৈরি করা যেতে পারে, যাতে যারা ইন্টানেট ব্যবহার করেন না তারাও যেন QR কোড স্ক্যান করে তথ্যাদি জানতে পারেন এবং নিজের পরিচয় গোপন রেখে মেসেজ আকারে অবৈধ মাদক/মাদককারবারীর তথ্য প্রদান করতে পারেন-বিষয়টি সংযোজন করা যেতে পারে।
- এ বিষয়ে উপপরিচালক, খুলনা বলেন এটি ওপেন সোর্স হওয়ায় অফলাইন করা যাবে না। এতে অধিদপ্তরের সকল কার্যালয়ের কর্পোরেট নাম্বারসমূহ হাইপারলিংক করা হয়েছে। ফলে যে কেউ অবৈধ মাদকের বিষয়ে সংশ্লিষ্ট কার্যালয়ে মোবাইল ফোনে অভিযোগ করতে পারবে।
- মহাপরিচালক মহোদয় বলেন, অধিদপ্তরের সার্বিক কার্যক্রম সম্পর্কে অবহিত করার জন্য প্রস্তুতকৃত QR কোডে গ্যালারী কনটেন্ট সংযোজন করা যেতে পারে।
- জনাব শেখ মোহাম্মদ খালেদুল করিম, সহকারী পরিচালক (চিকিৎসা ও পুনর্বাসন) বলেন, প্রস্তুতকৃত QR কোডে অধিদপ্তরের অফিসিয়াল ফেসবুক পেজ ও ইউটিউব লিংক করা যেতে পারে। তাছাড়া QR কোডটি বহুল প্রচারের জন্য বিভিন্ন প্রচার মাধ্যমে অধিদপ্তরের বিজ্ঞপ্তি/বিজ্ঞাপন প্রকাশের সময় প্রস্তুতকৃত QR কোড সংযোজন করা যেতে পারে।
- জনাব দ্বিজেন চন্দ্র গোপ, প্রোগ্রামার বলেন, শিক্ষা প্রতিষ্ঠানে গঠিত মাদকবিরোধী কমিটির মাধ্যমে মাদকবিরোধী আলোচনা সভায় শিক্ষার্থীদেরকে প্রস্তুতকৃত QR কোড সম্বলিত স্টিকার সম্পর্কে অবহিত যেতে পারে এবং QR কোড স্টিকার সাঁটানো যেতে পারে। লিফলেটের পরিবর্তে QR কোড স্টিকার বিতরণ করা যেতে পারে। মহাপরিচালক মহোদয় বলেন, লিফলেট ও QR কোড স্টিকার যেখানে যেটা প্রযোজ্য সেটাই বিতরণ করতে হবে।
- জনাব মো: আবুল বাশার, প্রশাসনিক কর্মকর্তা বলেন, *"Scan the QR code, Be aware of drugs"* বা "QR কোড স্ক্যান করুন, মাদক সম্পর্কে সচেতন হোন" শিরোনামটিতে মাদকবিরোধী অপারেশনাল কোন শব্দ সংযোজন করা যেতে

পারে। জনাব মো: মেহেদী হাসান, সহকারী পরিচালক (প্রশাসন) বলেন, শিরোনামটিকে আরো সংক্ষিপ্ত করার জন্য নতুন কোন সংক্ষিপ্ত ও গ্রহণযোগ্য শব্দ সংযোজন করা যেতে পারে।

- এ বিষয়ে জনাব মো: মাসুদ হোসেন, পরিচালক (নিরোধ শিক্ষা) বলেন, শিরোনামটি "*Scan the QR code, Be aware of drugs*" বা "QR কোড স্ক্যান করুন, মাদক সম্পর্কে সচেতন হোন" এর স্থলে সংক্ষিপ্ত করে "QR code scan করুন, মাদক সম্বন্ধে সচেতন হোন" শিরোনাম করা যেতে পারে।

৪। অত:পর সভায় বিস্তারিত আলোচনান্তে নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়:

| ক্রম | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|
| ১. | পরিচয় গোপন রেখে মেসেজ আকারে অবৈধ মাদক/মাদককারবারীর তথ্য প্রদানের বিষয়টি প্রস্তুতকৃত QR কোডে সংযোজন করতে হবে। | পরিচালক (প্রশাসন)/ উপপরিচালক (প্রশাসন)/ উপপরিচালক, জেলা কার্যালয়, খুলনা/ প্রোগ্রামার |
| ২. | অধিদপ্তরের সার্বিক কার্যক্রম সম্পর্কে অবহিত করার জন্য গ্যালারী কনটেন্ট প্রস্তুতকৃত QR কোডে সংযোজন করতে হবে। | |
| ৩. | প্রস্তুতকৃত QR কোডে অধিদপ্তরের অফিসিয়াল ফেসবুক পেজ ও ইউটিউব লিংক করতে হবে। | |
| ৪ | প্রস্তুতকৃত ইনোভেশনটির "*Scan the QR code, Be aware of drugs*" বা "QR কোড স্ক্যান করুন, মাদক সম্পর্কে সচেতন হোন" এর স্থলে সংক্ষিপ্ত করে "**QR code scan করুন, মাদক সম্বন্ধে সচেতন হোন**" শিরোনাম করতে হবে। | |

৫। মহাপরিচালক মহোদয় ইনোভেশন আইডিয়া প্রস্তুতকারী টিমকে অভিনন্দন জানান এবং আইডিয়াটিকে ধাপে ধাপে আরো সমৃদ্ধ করার জন্য গুরুত্বারোপ করেন।

৬। সভাপতি এ পর্যায়ে সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

২৫.০৩.২৫
(মো: আব্দুল ওয়াদুদ)
পরিচালক (প্রশাসন, অর্থ ও পরিকল্পনা)

নং-৫৮.০২.০০০০.০০৬.০৬.০৩৭.১৩-১০৩৫ তারিখ: ২৫ মার্চ ২০২৫

অনুলিপি সদয় অবগতি/প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো:

১. সিনিয়র সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (দৃ: আ: অতিরিক্ত সচিব, মাদক অনুবিভাগ)
২. পরিচালক (প্রশাসন/অপারেশন্স/চিকিৎসা ও পুনর্বাসন/নিরোধ শিক্ষা), মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা
৩. চীফ কনসালটেন্ট, কেন্দ্রীয় মাদকাসক্তি নিরাময় কেন্দ্র, তেজগাঁও, ঢাকা
৪. প্রধান রাসায়নিক পরীক্ষক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, কেন্দ্রীয় রাসায়নিক পরীক্ষাগার, গেন্ডারিয়া, ঢাকা
৫. অতিরিক্ত পরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, বিভাগীয় কার্যালয়, ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/খুলনা/বরিশাল/সিলেট/ময়মনসিংহ/রংপুর; অতিরিক্ত পরিচালক (গোয়েন্দা),মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা
৬. উপপরিচালক (প্রশাসন/নিরোধ শিক্ষা/অপারেশন্স/ক্রয়, পরিকল্পনা ও উন্নয়ন/চিকিৎসা ও পুনর্বাসন), মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা; উপপরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, জেলা কার্যালয়, খুলনা
৭. বিজ্ঞ নির্বাহী ম্যাজিস্ট্রেট, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা
৮. সিনিয়র কনসালটেন্ট, বিভাগীয় মাদকাসক্তি নিরাময় কেন্দ্র, চট্টগ্রাম/রাজশাহী/খুলনা
৯. রাসায়নিক পরীক্ষক, বিভাগীয় রাসায়নিক পরীক্ষাগার, চট্টগ্রাম/বরিশাল/রাজশাহী/সিলেট/খুলনা/ময়মনসিংহ
১০. প্রোগ্রামার, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)
১১. সহকারী পরিচালক (প্রশাসন/কমন সার্ভিস/চিকিৎসা ও পুনর্বাসন/জনসংযোগ/অপারেশন্স/নিরোধ শিক্ষা/ক্রয়, পরিকল্পনা ও উন্নয়ন/ গোয়েন্দা/অর্থ ও হিসাব/গবেষণা ও প্রকাশনা)/আইন কর্মকর্তা, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা
১২. মহাপরিচালকের স্টাফ অফিসার, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)
১৩. অতিরিক্ত মহাপরিচালকের ব্যক্তিগত সহকারী, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা (অতিরিক্ত মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)
১৪. অফিস কপি

25/03/2025
(মো: মেহেদী হাসান)
সহকারী পরিচালক (প্রশাসন)